

# Subject Bengali

## 2<sup>nd</sup> language

### Worksheet

#### Class-4

#### Chapter-1

#### স্বাধীনতা

#### রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়।

#### কবিতার সারসংক্ষেপ:

কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের লেখা স্বাধীনতা কবিতাটি 'পদ্মিনী উপাখ্যান' কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে। সেখানে একটি গান হিসাবে ছিল। এখানে কবি স্বাধীনতার মূল্য কে বুঝিয়েছেন। স্বাধীনতা মানুষের জীবনের শ্রেষ্ঠ সম্পদ। পরাধীন জীবনের কোন মূল্য বা দাম নেই।

পরাধীনতার শৃঙ্খলে আবদ্ধ হয়ে থাকতে মানুষ চায় না।

পরাধীন হয়ে বেঁচে থাকা নরক যন্ত্রণা ও নরকবাসের সমান। একদিনের স্বাধীন জীবন অনেক বেশি আনন্দদায়ক, প্রত্যেক মানুষই স্বাধীন জীবন চায়। তাই দেশকে স্বাধীন করতে ও স্বাধীন রাখতে সকলের এগিয়ে আসা উচিত। দেশের স্বাধীনতার জন্য যে জীবন দান করে তার জীবন সার্থক। দেশের মঙ্গলের জন্য সকলের যুদ্ধে ঝাঁপিয়ে পড়া উচিত। দেশের জন্য যে প্রাণ দেয় সে অতুলনীয় এবং তার জীবন সার্থক। কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় 'স্বাধীনতা' কবিতাটির মধ্যে দিয়ে স্বাধীনতার শ্রেষ্ঠত্বকে বুঝিয়েছেন।

#### ৩) নীচের অর্থ গুলি পড়ো এবং লেখ।

ক) স্বাধীনতা -নিজের অধীনতা, হীনতায় -শূন্যতায়, দাসত্ব- পরাধীনতা, শৃঙ্খল- শিকল, কোটিকল্প -বহু কোটি বছর, নরক -মৃত্যুর পর পাপীদের যে স্থান, স্বর্গ -দেবতারা যেখানে থাকেন/ দেব লোক, ভেরি -এক প্রকারযুদ্ধের বাজনা, সার্থক- সফল, বাহুবল -শরীরেরশক্তি, আত্মনাশে- নিজের বলিদানে, রণভূমে-যুদ্ধক্ষেত্রে, স্বরা-তাড়াতাড়ি, দেশহিতে-দেশের মঙ্গলের জন্য, তুল্য-তুলনা করা যায়, উদ্ধার -মুক্তি।

#### ৪) সঠিক উত্তর বেছে নিয়ে লেখো:

- ক) স্বাধীনতা / পরাধীনতা হীনতায় কেউ বাঁচতে চায় না।  
খ) রণভূমি/ মরুভূমি শোনা যায় ভেরি আওয়াজ।  
গ) কোটিকল্প/ শতগল্প নরকের প্রায়।  
ঘ) দেশের স্বাধীনতা / পরাধীনতার জন্য লড়াই করে বিপ্লবীরা।  
৫) নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) স্বাধীনতা বলতে কি বোঝানো হয়েছে?

উঃ) স্বাধীনতা বলতে অন্যের দ্বারা প্রভাবিত না হয়ে নিজের ইচ্ছায় সবকিছু করাকে বোঝানো হয়েছে।

খ) কি পায়ের পরবে?

উঃ) দাসত্বের শৃংখল পায়ের পরবে।

গ) কোটিকল্প কথাটি বলতে কী বোঝানো হয়েছে?

উঃ) কটি গল্প অর্থাৎ বহু বছর অনেক বছর দাসত্ব করা।

ঘ) একদিনের স্বাধীনতা কবির কাছে কিসের সুখ?

উঃ) একদিনের স্বাধীনতা কোভিদ কাছে স্বর্গ সুখ।

ঙ) কিসের আওয়াজ শোনা যায়?

উঃ) যুদ্ধের বাজনা ভেরি রাবাত শোনা যাচ্ছে।

চ) তার জন্ম সার্থক যিনি নিজেকে নাশ করে ও দেশের মুক্তির জন্য লড়াই করেন।

ছ) 'স্বরা' করে রণ-ভূমে যেতে হবে স্বাধীনতার লড়াই করতে।

জ) দেশের মঙ্গলের জন্য যিনি আত্মহত্যা করেন তার তুলনা নেই।

২) নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর

স্বাধীনতা-সকল মানুষ স্বাধীনতা চায়।

শৃংখল-কোন পশুকে শৃংখলে আবদ্ধ করে রাখা উচিত নয়।

নরক-কোন ব্যক্তিকে অতিরিক্ত কষ্ট দেওয়া নরকযন্ত্রণা দেওয়ার সমান।

স্বর্গ-পৃথিবীটা স্বর্গের মতো সুন্দর তাকে পরিষ্কার রাখা উচিত।

উদ্ধার-কোন মানুষ বা পশু বিপদে পড়লে তাকে উদ্ধার করা উচিত।

দেশ-আমার দেশকে আমি ভালোবাসি ও শ্রদ্ধা করি তাকে পরিষ্কার রাখা আমাদের কর্তব্য।

৫)ক) কোটিকল্প দাস থাকা নরকের প্রায় হে, নরকের প্রায়।

দিনেকের স্বাধীনতা স্বর্গসুখ তায় হে স্বর্গসুখ তায় ।

খ)সার্থক জীবন আরবাহুবল তার হে বাহুবল তার।  
আস্বনাশে যেই করে দেশের উদ্ধার হে, দেশের উদ্ধার।  
৬) সঠিক উত্তর বেছে নিয়ে লেখ।  
উঃ) ক স্বাধীনতা-হীনতায় কেউ বাঁচতে চাইনা।  
খ দাসস্থ শৃংখল কেউ পড়তে চায় না।  
গ) কোটিকল্প দাস থাকা নরকের প্রায়।  
ঘ) রণভূমে শোনা যায় ভেরি আওয়াজ।  
ঙ) দেশের শীতের জন্য যে মারা যায় তাকে শহীদ বলে।  
চ) দেশের স্বাধীনতার জন্য লড়াই করে বিপ্লবীরা।

৩)পদ পরিবর্তন করো ।  
স্বাধীনতা -স্বাধীন।  
দাসস্থ -দাস।  
নরক-নারকীয়।  
স্বর্গ-স্বর্গীয়।  
সুখ-সুখী।

৪)বিপরীত শব্দ লেখ।  
স্বাধীনতা-পরাধীনতা।  
বাঁচিতে- মরিতে।  
নরক-স্বর্গ।  
জনম-মরণ।  
দাস-মালিক।

\*\*\*\*\*